বরিশাল বোর্ড ২০১৫

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা : দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২ ৭ ৮

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ নিচের চিত্রে একটি চক্র দেখানো হয়েছে। চক্রটি ভাল করে লক্ষ্য কর এবং (গ) ও (ঘ) নং প্রশ্নের উত্তর চিত্রের আলোকে প্রদান করঃ



ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. আদেশের ঐক্য বলতে কী বুঝ? ২

গ. চক্রের X চিহ্নিত ঘরে কোন কাজটির অনুপস্থিতি রয়েছে?— ব্যাখ্যা করো। ৩

ঘ. Y চিহ্নিত ঘরের কাজের সাথে পরিকল্পনার সম্পর্ক কী?— বিশ্লেষণ করো। ৪

২.▶ জনাব আশানুর প্রিজম কোম্পানির পরিকল্পনা প্রণয়ন, অর্থসংস্থান ও নিয়ন্ত্রণের দায়িত্ব পালন করেন। অন্যদিকে জনাব মেজবাহ আশানুর সাহেবের গৃহীত নীতি ও পরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট। তিনি ফোরম্যান ও সুপারভাইজারদের নির্দেশনা দেন। প্রয়োজনে শ্রমিক কর্মচারীদেরও তত্ত্বাবধায়ন করেন। উভয়ের দক্ষতা ও কর্মকাণ্ডের উপর প্রতিষ্ঠানের সাফল্য নির্ভর করে।

ক. ব্যবস্থাপক কে? ১

খ. 'ব্যবস্থাপনা সার্বজনীন'— ব্যাখ্যা করো। ২

গ. জনাব আশানুর ব্যবস্থাপনার কোন স্তরে কর্মরত রয়েছেন?— ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আশানুর ও জনাব মেজবাহ মধ্যে স্তরভেদে কার কাজ প্রতিষ্ঠানের জন্য অধিকতর গুরুত্বপূর্ণ?— বিশ্লেষণ করো। ৪

৩.▶ স্কাইনেট কোম্পানি সিদ্ধান্ত মোতাবেক ২০০৯ সাল থেকে ২০১৩ সালের মধ্যে বিভিন্ন পর্যায়ে ২,০০০ জন কর্মী নিয়োগ ও প্রশিক্ষণের কার্য সফলভাবে সম্পাদন করে। কুষ্টিয়ায় কোম্পানির নতুন শাখা স্থাপনের ফলে দ্রুত সভা ডেকে বিদ্যমান কর্মচারী-কর্মকর্তাদের মধ্য হতে ১০০ জনকে পদোন্নতি দিয়ে সেখানে প্রেরণ করা হলো। পদোন্নতি বঞ্চিতরা রীতি, নীতি ও প্রক্রিয়া অনুসরণপূর্বক পদোন্নতির দাবি তুলল। অবশেষে কর্তৃপক্ষের আশ্বাসে পরিস্থিতি স্বাভাবিক হলো।

ক. পরিকল্পনা কী? ১

খ. সমন্বয় সাধন বলতে কী বুঝ? ২

গ. স্কাইনেটের নিয়োগ ও প্রশিক্ষণ প্রক্রিয়া সময়ভিত্তিক কোন পরিকল্পনার অন্তর্গত?— ব্যাখ্যা করো। ৩

ঘ. পদোন্নতি বঞ্চিতরা কোন পরিকল্পনার জন্য আন্দোলন করছে?— বিশ্লেষণ করো। ৪

৪.▶ P শিল্পের যন্ত্রপাতির ত্রুটি-বিচ্যুতি দেখাশোনার জন্য একজন সিভিল ইঞ্জিনিয়ার, আইটি বিভাগের জন্য একজন আইটি বিশেষজ্ঞ এবং বাজারজাতকরণের জন্য একজন মার্কেটিং বিশেষজ্ঞকে দায়িত্ব দেয়া হলো। ফলে শিল্প প্রতিষ্ঠানটিতে বিশেষায়নের সুবিধা পাওয়া গেল। অন্যদিকে Q প্রতিষ্ঠানের নির্বাহী ব্যবস্থাপক জনাব সামদানিকে সহায়তা করার জন্য জনাব আদনানকে অর্থ বিশেষজ্ঞ হিসেবে এবং জনাব সাইফুলকে উৎপাদন বিশেষজ্ঞ হিসেবে নিয়োগ দেয়া হলো। এতে সামদানি সাহেবের কার্যভার হ্রাস পেল এবং বিশেষজ্ঞের সুবিধা পাওয়া গেল।

ক. প্রশিক্ষণ কী? ১

খ. সিদ্ধান্ত গ্রহণ কাকে বলে? ২

গ. P শিল্পে কোন ধরনের সংগঠন কাঠামো বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩

ঘ. P শিল্প থেকে কি Q শিল্পের সংগঠন কাঠামো উন্নততর? মতামত দাও। ৪

৫.▶ আলমাস গার্মেন্টস-এর ৩,০০০ জন কর্মচারী কর্মকর্তার মধ্য হতে ১০ জন অভিজ্ঞ কাটিং মাস্টার ও ৫০ জন শ্রমিক অন্য প্রতিষ্ঠানে চাকরি নিয়ে চলে গেছেন। সহকারী কাটিং মাস্টারদের পদোন্নতি দিয়ে এবং কর্মরত শ্রমিকদের কারো বন্ধু-বান্ধব, কারো ভাই-বোন, কারো আত্মীয়-স্বজনদের নিয়োগ দিয়ে শূন্য ৬০টি পদ পূরণ করা হয়েছে। প্রতিষ্ঠানটি আরো একটি নতুন ইউনিট খোলার উদ্যোগ গ্রহণ করেছে, যেখানে ন্যূনতম ৫০০ জন নতুন কর্মী প্রয়োজন। কর্মীব্যবস্থাপক প্রতিষ্ঠানের প্রয়োজনীয় ৫৬০ জন কর্মী নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করেছেন।

ক. সরলরৈখিক সংগঠন কী? ১

খ. নির্দেশনাকে প্রশাসনের হৃদপিণ্ড বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে প্রথম পর্যায়ে ৬০ জন কর্মী কোন উৎস থেকে সংগ্রহ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ৫৬০ জন কর্মী নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানের যৌক্তিকতা কী? মূল্যায়ন করো। ৪

৬.▶ জাপান প্রবাসী মাসুদ সাহেব দেশে ফিরে মোবাইল ফোনের ক্ষুদ্র যন্ত্রাংশ তৈরির কারখানা স্থাপন করেন। কর্মী নিয়োগ ও প্রশিক্ষণ কার্য সম্পাদন করা হলো। জাপানি ভাবধারায় উন্নত কর্মপরিবেশ সৃষ্টি করেন। প্রায়ই প্রতিষ্ঠান সম্পর্কিত বিষয়াদি নিয়ে কর্মীদের সাথে বৈঠক করেন। মাসুদ সাহেবের ব্যবহার ভাল। দিনে দিনে প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি পায় এবং কাঙ্ক্ষিত মুনাফা অর্জিত হয়। কিন্তু এ বছরের শেষের দিকে বিপত্তি দেখা দিয়েছে। অধিকাংশ শ্রমিক কাজে অমনোযোগী হয়ে পড়ছে। উৎপাদন ব্যাহত হচ্ছে।

ক. সমন্বয় কী? ১

খ. মৌখিক যোগাযোগ বলতে কী বুঝ? ২

গ. মাসুদ সাহেবের প্রতিষ্ঠানের প্রেষণাদানের কোন উপায়টি প্রচলিত রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. শ্রমিকদের কাজে ফিরানো ও উৎপাদন বাড়ানোর ব্যবস্থা কী?— বাংলাদেশের প্রেক্ষাপটে আলোচনা করো। ৪

৭.▶ ABC কলেজের সকল শিক্ষক কর্মচারীরা অধ্যক্ষ সাহেবকে ভয় পায়। অধ্যক্ষ সাহেব সকল ক্ষমতা নিজের হাতে রেখে খেয়াল খুশিমত সিদ্ধান্ত গ্রহণ করেন। কাজে গাফিলতির কারণে ২০১৪ সালে দুইজন শিক্ষক ও একজন কর্মচারীকে বরখাস্ত করেছেন। তার পরও কলেজে পাসের হার ৫০% এর উপরে উঠছে না। অন্যদিকে AGM কলেজের অধ্যক্ষ সাহেব পাসের হার শতভাগে উন্নীত করার লক্ষ্য নিয়ে সকল শিক্ষক-কর্মচারীদের সভা আহ্বান করলেন। সকলে স্বতস্ফূর্তভাবে সভায় অংশগ্রহণ করে মতামত দিলো। অধ্যক্ষ সাহেবও তার মতামত পেশ করলেন। সকলের মতামতের ভিত্তিতে পরবর্তী কর্মকাণ্ড নির্ধারণ করা হলো।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. বাজেটারি নিয়ন্ত্রণ বলতে কী বুঝ? ২

গ. ABC কলেজের নেতৃত্বের ধরন কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. AGM কলেজের বিদ্যমান নির্দেশনা পদ্ধতি কী পাসের হার বৃদ্ধিতে ভূমিকা রাখতে পারবে? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৮.▶ ফাইম সিরামিক, নীলগঞ্জ শাখার ব্যবস্থাপক আরমান সাহেব প্রধান অফিসের প্রেরিত সকল তথ্য, সংবাদ বিজ্ঞপ্তি ও চিঠির মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের জানিয়ে দেন। তাছাড়া গুরুত্বপূর্ণ অর্ডার ও নির্দেশনা নোটিশ বোর্ডে টাঙান ও শাখা ব্যবস্থাপকদের কপি প্রদান করেন। এতদসত্ত্বেও প্রধান অফিসের অর্ডার অনুযায়ী উৎপাদন সামগ্রী সময়মত প্রেরণ করা যাচ্ছে না। আরমান সাহেবকে তিরস্কার করা হচ্ছে। পরবর্তীতে আরমান সাহেব তার সকল পরিকল্পনা, নির্দেশনা ও পরামর্শ, সভা ডেকে আলাপ-আলোচনা করে ব্যাখ্যা দিতে শুরু করলেন।

ক. নির্দেশনা কী? ১

খ. কমিটি বলতে কী বুঝ? ২

গ. প্রথম অবস্থায় আরমান সাহেব পদ্ধতি অনুযায়ী যোগাযোগের কোন উপায় ব্যবহার করেছেন?— ব্যাখ্যা করো। ৩

ঘ. "কার্যকর যোগাযোগের ক্ষেত্রে উদ্দীপকের দ্বিতীয় পদ্ধতিই উত্তম"— মূল্যায়ন করো। ৪

৯.▶ টিউলিপ ও ফ্লোরা দুটি টুথপেস্ট কোম্পানি প্রতি মাসে ২ লক্ষ টিউব টুথপেস্ট বিক্রয়ের লক্ষ্যমাত্রা স্থির করে। মাস শেষে কোম্পানি দুটি তাদের বিক্রয়ের পরিমাণ যাচাই-বাছাই করে একটি চার্টে লিপিবদ্ধ করে। চার্টটি নিম্নরূপ: (চার্টটি নিয়ন্ত্রণ প্রক্রিয়ার ধাপ/পদক্ষেপ অনুযায়ী)

পদক্ষেপ→	১ম পর্যায়	২য় পর্যায়	৩য় পর্যায়	৪র্থ পর্যায়	৫ম পর্যায়
কোম্পানি ↓	বিক্রয় লক্ষমাত্রা	বিক্রয়	বিক্রয় বেশি/কম	?	?
টিউলিপ	২,০০,০০০ টিউব	২,২০,০০০ টিউব	২০,০০০	২,২০,০০০ টিউব	২,২০,০০০ টিউব
ফ্লোরা	২,০০,০০০ টিউব	১,৫০,০০০ টিউব	৫০,০০০	১,৫০,০০০ টিউব	১,৫০,০০০ টিউব

ক. লক্ষ্য কী? ১

খ. একার্থক পরিকল্পনা বলতে কী বুঝ? ২

গ. নিয়ন্ত্রণ প্রক্রিয়ার কোন ধাপটি ফ্লোরা টুথপেস্টে অনুপস্থিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. কোন প্রতিষ্ঠানটি সর্বাধিক মুনাফা অর্জনে সমর্থ হবে?— নিয়ন্ত্রণ প্রক্রিয়ার পদক্ষেপের আলোকে বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

বরিশাল বোর্ড-২০১৫

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয়পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড : | ২ | ৭ | ৮ |

১. Management শব্দটি কোন দেশী শব্দ হতে এসেছে?
(ক) ইটালি (খ) কানাডা
(গ) জার্মানি (ঘ) বাংলাদেশ

২. 6M বলতে বুঝায় —
(ক) মৌলিক সম্পদসমূহ (খ) ব্যবস্থাপনা প্রক্রিয়া
(গ) মৌলিক কার্যাবলি (ঘ) ব্যবস্থাপনার মূলনীতি

৩. POSDCoRB-এর আবিষ্কারক কে?
(ক) হেনরি ফেয়ল (খ) এল, গুলিক
(গ) লুইস, এ এলেন (ঘ) চার্লস ব্যাবেজ

৪. আমরা কোথায় আছি এবং কোথায় যেতে চাই এই দুয়ের মধ্যে সেতুবন্ধন করে —
(ক) নির্দেশনা (খ) নিয়ন্ত্রণ
(গ) সংগঠন (ঘ) পরিকল্পনা

৫. ব্যবস্থাপনার জনক হেনরি ফেয়লের জীবনকাল কত?
(ক) ১৮৫৬ — ১৯১৫ (খ) ১৮৪১ — ১৯২৫
(গ) ১৮৪১ — ১৯২০ (ঘ) ১৮৫৬ — ১৯২৫

৬. "Dual subordination" বিষয়টি ব্যবস্থাপনার কোন নীতির পরিপন্থী?
(ক) শৃঙ্খলা (খ) দায়িত্ব ও কর্তৃত্ব
(গ) আদেশের ঐক্য (ঘ) নির্দেশনার ঐক্য

৭. কোন পরিকল্পনা ব্যবস্থাপকদের কর্মভার লাঘব করে?
(ক) একার্থক (খ) স্থায়ী
(গ) মধ্যমেয়াদি (ঘ) দীর্ঘমেয়াদি

৮. সংগঠন প্রক্রিয়ার শেষ ধাপ কোনটি?
(ক) দায়িত্ব-কর্তব্য অর্পণ
(খ) কার্যাবলি শ্রেণিবদ্ধকরণ
(গ) পারস্পরিক সম্পর্ক স্থাপন
(ঘ) দায়িত্ব-কর্তৃত্ব নির্ধারণ

৯. Henry Fayol সম্পর্কে উক্তি হলো —
i. আধুনিক ব্যবস্থাপনার জনক
ii. ব্যবস্থাপনা সম্পর্কে তিনি নীতিমালা প্রদান করেন
iii. তিনি ১৮৪১ সাল জন্মগ্রহণ করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০. "Z" তত্ত্বের প্রবক্তা কে?
(ক) Douglas MacGragor (খ) Chester I. Barnard
(গ) William Ouchi (ঘ) Weihrien Koont

১১. কার্যসম্পাদনের কতিপয় ধারাবাহিক পদক্ষেপকে কি বলে?
(ক) নীতি (খ) রীতি
(গ) পদ্ধতি (ঘ) প্রক্রিয়া

১২. সংগঠন কাঠামো হলো —
i. চিত্রের সাহায্যে উপস্থাপন
ii. বিভিন্ন বিভাগ উপবিভাগ বিভক্তকরণ
iii. দায়িত্ব কর্তৃত্ব নির্ধারণ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৩. একজন নির্বাহীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে সেই পরিমাণ অধস্তন রাখতে কোন কাজটি করতে হয়?
(ক) ব্যবস্থাপনা পরিসর (খ) কাজের ভারসাম্য
(গ) কার্যবিভাগ (ঘ) দায়িত্ব নির্দিষ্টকরণ

১৪. কর্মী সংগ্রহের অভ্যন্তরীণ উৎসে বহির্ভূত হলো —
i. পদোন্নতি ii. জব সিকার
iii. চেনা-জানা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) ii ও iii

১৫. ইতিবাচক নেতৃত্ব কোন ধরনের নেতৃত্বের অন্তর্গত?
(ক) আনুষ্ঠানিক (খ) ক্ষমতাভিত্তিক
(গ) যৌথ (ঘ) প্রেষণা

উদ্দীপকটি পড়ো এবং ১৬-১৭নং প্রশ্নের উত্তর দাও।
জনাব নিয়াজ তার প্রতিষ্ঠানের কর্মীদের ভয়ভীতি প্রদর্শনের মাধ্যমে একক সিদ্ধান্ত বাস্তবায়ন করেন। কিন্তু তাদের ব্যক্তিগত খোঁজ-খবর রাখেন এবং ভালবাসা দেন।

১৬. জনাব নিয়াজের প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব প্রচলিত?
(ক) স্বৈরাচারী (খ) গণতান্ত্রিক
(গ) পিতৃসুলভ (ঘ) মুক্ত

১৭. উল্লেখিত নেতৃত্ব —
i. নেতৃত্বের আধুনিক পদ্ধতি
ii. স্বৈরাচারী নেতৃত্বের উন্নত সংস্করণ
iii. শ্রমিক আন্দোলন নিরসনে ফলদায়ক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৮-১৯নং প্রশ্নের উত্তর দাও।—
বাবলু তার প্রতিষ্ঠান নির্দিষ্ট মেয়াদে পরিচালনার জন্য মাঝে মাঝে কতিপয় ব্যক্তিবর্গ নিয়ে একটি সংগঠন কাঠামো তৈরি করেন। প্রতিষ্ঠানের যাবতীয় বিষয়ে এ সংগঠনের জবাবদিহি করতে হয়।

১৮. বাবুল তার প্রতিষ্ঠানে মেয়াদান্তে কী ধরনের সংগঠন প্রণয়ন করেন?
(ক) সরলরৈখিক (খ) পদসহ কর্মী
(গ) কার্যভিত্তিক (ঘ) কমিটি

১৯. বর্ণিত সংগঠন —
i. নির্দিষ্ট সমস্যা সমাধানের জন্য প্রণয়ন করা হয়
ii. ইহা স্থায়ী প্রকৃতির
iii. সংগঠনপ্রধান এককভাবে সিদ্ধান্ত গ্রহণ করেন
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২০. কোন প্রশিক্ষণ পদ্ধতিতে কোনো প্রশিক্ষক থাকে না?
(ক) অধিবেশন (খ) প্রদর্শন
(গ) অনুভূতিপ্রবণ (ঘ) ঘটনা

২১. কর্মীরা স্বেচ্ছাচারী হয়ে উঠে কোন নেতৃত্বে?
(ক) লাগামহীন (খ) গণতান্ত্রিক
(গ) প্রভুত্বমূলক (ঘ) পিতৃসুলভ

২২. Y তত্ত্ব অনুযায়ী মানুষের মনোভাব সর্বদা—
(ক) নেতিবাচক (খ) ইতিবাচক
(গ) সাহসী (ঘ) উৎসাহী

২৩. কর্মী নির্বাচনে কর্মীর ঝোঁকপ্রবণতা যে পরীক্ষার মাধ্যমে নির্ণয় করা হয় তাকে কি বলে?
(ক) Aptitude test (খ) Efficiency test
(গ) Intelligence test (ঘ) Personality test

২৪. ইতিবাচক প্রেষণার অনার্থিক উপায় কোনটি?
(ক) বীমা (খ) বোনাস
(গ) ভয়ভীতি প্রদর্শন (ঘ) দায়িত্ব প্রদান

২৫. প্রেষণার প্রত্যাশা তত্ত্বের সমীকরণ কোনটি?
(ক) M=P×I (খ) M=I×V
(গ) M=M×I×V (ঘ) M=E×I×P

২৬. SMS-এরপূর্ণরূপ কী?
(ক) Secret Message Service
(খ) Short Mail Service
(গ) Short Message Status
(ঘ) Short Message Status

২৭. প্রেষণাদানের কৌশলে ভিন্নতার কারণ —
i. পদের ভিন্নতা ii. দৃষ্টিভঙ্গীর ভিন্নতা
iii. যোগ্যতার ভিন্নতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮. 'সাফল্যার্জন' হার্জবার্গ তত্ত্বে কী জাতীয় উপাদান?
(ক) প্রেষণামূলক (খ) রক্ষণাবেক্ষণ মূলক
(গ) আর্থিক (ঘ) অনার্থিক

২৯. যোগাযোগ প্রক্রিয়ার প্রাপক কর্তৃক তথ্য গ্রহণ করে সাজানোকে বলা হয় —
(ক) এনকোডিং (খ) ডিকোডিং
(গ) বার্তা (ঘ) ফলাবর্তন

৩০. নিচের কোনটি ERG তত্ত্বের পূর্ণরূপ?
(ক) Existence Related Growth
(খ) Exclusive Related Growth
(গ) Extension Related Growth
(ঘ) Extra Relation Growth

৩১. দ্বি-উপাদান তত্ত্বে প্রেষণামূলক উপাদানের বিষয়বস্তু হলো —
i. বেতন ii. স্বীকৃতি
iii. সাফল্য
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩২. আধুনিক তথ্য-প্রযুক্তিনির্ভর মৌলিক যোগাযোগের পদ্ধতি হলো —
i. অডিও কনফারেন্সিং ii. কনফারেন্স
iii. ভিডিও কনফারেন্সিং
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৩. কলেজের বনভোজন সম্পন্ন করতে পাঁচটি সাব-কমিটি করা হয়েছে। এক্ষেত্রে উদ্দেশ্যার্জন নিচের কোন কাজটি অধিক গুরুত্বপূর্ণ?
(ক) সংগঠন (খ) প্রেষণা
(গ) নির্দেশনা (ঘ) সমন্বয়

৩৪. দ্বিমুখী যোগাযোগে কোনটি অধিক ভূমিকা রাখে?
(ক) ফলাবর্তন (খ) সংবাদ
(গ) মাধ্যম (ঘ) প্রেরক

৩৫. কোন নিয়ন্ত্রণ কৌশল ক্ষেত্রে কাজের বিভিন্ন অংশের শুরু ও শেষ সময় মোটা দাগের দ্বারা চিহ্নিত করা হয়?
(ক) ব্রেক ইভেন-বিন্দু (খ) পাই চার্ট
(গ) গ্যান্ট চার্টিং (ঘ) পার্ট

উদ্দীপকটি পড়ো এবং ৩৬-৩৭ নং প্রশ্নের উত্তর দাও।



৩৬. চিত্রে প্রদর্শিত কাঠামোটি কোন ধরনের?
(ক) সরলরৈখিক (খ) কার্যভিত্তিক
(গ) ম্যাট্রিক্স (ঘ) কমিটি

৩৭. উক্ত কাঠামোটি যে ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য তা হলো —
i. ক্ষুদ্রায়তন ii. মাঝারি
iii. বৃহদায়তন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৮. বাজেটীয় নিয়ন্ত্রণ গুরুত্বপূর্ণ নিয়ন্ত্রণ কৌশল, এর কারণ হলো —
i. বাজেট নিয়ন্ত্রণের কার্যকর ভিত্তি প্রদান করে
ii. এর মাধ্যমে দ্রুত বিচ্যুতি নিরূপণ সম্ভব
iii. এটি কাজের মান বৃদ্ধি করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৯. নেটওয়ার্কে সংকটময় পথ চিহ্নিত করতে কী ব্যবহৃত হয় —
(ক) CPM (খ) BEP
(গ) PERT (ঘ) IRR

৪০. সংখ্যাত্মক উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে —
i. দৈনিক উৎপাদনের পরিমাণ বিশ্লেষণ করা হয়
ii. সাপ্তাহিক উৎপাদনের পরিমাণ বিশ্লেষণ করা হয়
iii. বার্ষিক উৎপাদনের পরিমাণ বিশ্লেষণ করা হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তরমালা																																								
	১	ক	২	ক	৩	খ	৪	ক	৫	ঘ	৬	গ	৭	খ	৮	ক	৯	ঘ	১০	গ	১১	ঘ	১২	ঘ	১৩	ক	১৪	ঘ	১৫	ক	১৬	গ	১৭	খ	১৮	ঘ	১৯	ক	২০	গ
	২১	ক	২২	খ	২৩	ক	২৪	ঘ	২৫	ঘ	২৬	গ	২৭	ঘ	২৮	ক	২৯	ঘ	৩০	ক	৩১	খ	৩২	ঘ	৩৩	ঘ	৩৪	ক	৩৫	ঘ	৩৬	খ	৩৭	ক	৩৮	ঘ	৩৯	ক	৪০	ঘ

http://teachingbd.com